# ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন
# বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

## ভর্তি-নির্দেশিকা

বিভাগ: পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ

প্রোগ্রাম: বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্

শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

| | |
|---|---|
| পরীক্ষার তারিখ | ৩০ জানুয়ারি ২০২৬ (রোজ শুক্রবার) |
| প্রবেশপত্র ডাউনলোড | ২২-২৯ জানুয়ারি ২০২৬ |
| পরীক্ষার সময় | বিকাল ১৫:০০ ঘটিকা থেকে ১৬:৩০ ঘটিকা |
| পরীক্ষার সময়কাল | ৯০ মিনিট |
| পরীক্ষা কেন্দ্রে প্রবেশ | বিকাল ১৪:৩০ মিনিট |

ভর্তির যোগ্যতা:

বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি- এর ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ এর অধীনে পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগে বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস প্রোগ্রামে স্নাতক শ্রেণিতে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছুক বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। যে সকল শিক্ষার্থী ২০২২ অথবা ২০২৩ সালে মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় এবং ২০২৪ অথবা ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল সে সকল শিক্ষার্থী বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি- এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণীতে নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২। যেকোন শাখা হতে উচ্চ মাধ্যমিক/সমমানের এবং মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ন্যূনতম G.P.A- 3.5 সহ উত্তীর্ণ হতে হবে এবং সকল বিষয়ে নূন্যতম "B" Grade থাকতে হবে।

৩। ইংরেজি মাধ্যমে এর শিক্ষার্থীদের ক্ষেত্রে O-Level এ গণিত সহ ন্যূনতম পাঁচ (০৫) টি বিষয়ে কৃতকার্য হতে হবে। দুই (০২) এর অধিক বিষয়ে "C" Grade আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৪। A-Level এ নূন্যতম দুই (০২) টি বিষয়ে কৃতকার্য হতে হবে। একের অধিক "C" Grade আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

আবেদনের নিয়মাবলী:

৫। আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইট (applyonline.bmu.edu.bd) এর মাধ্যমে ২৮ অক্টোবর ২০২৫ থেকে ২৭ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে। প্রতি ফ্যাকাল্টি-এর জন্য আবেদন ফি ৮০০/- (টাকা আটশত মাত্র)। নির্ধারিত আবেদন ফি মোবাইল ব্যাংকিং (নগদ/ বিকাশ/ রকেট/ মাই ক্যাশ/ টি ক্যাশ ইত্যাদি) অথবা ডেবিট/ক্রেডিট কার্ড (VISA, Master Card) এর মাধ্যমে প্রদান করা যাবে। আবেদন ও ফি জমা দেয়ার বিষয়ে বিস্তারিত নির্দেশনা ও তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে (www.bmu.edu.bd)। ভর্তি পরীক্ষা নিম্নেবর্ণিত ০৫ টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে (ভর্তির আবেদন ফর্মে যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তা উল্লেখ করতে হবে)। পরীক্ষার কেন্দ্রসমূহ নিম্নরূপঃ

(ক) ঢাকা (খ) চট্টগ্রাম (গ) রংপুর (ঘ) খুলনা (ঙ) রাজশাহী

৬। ভর্তি পরীক্ষা ৩০ জানুয়ারি ২০২৬ খ্রি. (রোজ শুক্রবার) বিকাল ১৫:০০ ঘটিকা থেকে ১৬:৩০ ঘটিকা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৭। ভর্তি পরীক্ষায় প্রার্থীদের পরীক্ষার স্থান ওয়েবসাইটে (www.bmu.edu.bd) জানিয়ে দেয়া হবে।

৮। ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক পদ্ধতিতে মোট ৯০ মিনিটের জন্য অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। উল্লেখ্য, উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলী অংশে বর্ণিত থাকবে।

**ভর্তি পরীক্ষায় নম্বর ও সময় বন্টন নিম্নরূপঃ**

| অনুষদ | নৈর্ব্যক্তিক পরীক্ষা | |
|---|---|---|
| | নম্বর | সময় |
| ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন | ১০০ | ৯০ মিনিট |

৯।	ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত GPA এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

১০।	মোট ১০০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাতালিকা তৈরী করা হবে। ভর্তি পরীক্ষার লিখিত (MCQ) নম্বরকে মোট নম্বরের ৭০% এবং অবশিষ্ট ৩০% এর মধ্যে মাধ্যমিক/সমমান পরীক্ষায় ১০% এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ২০% রূপান্তর করা হবে।

১১।	পরীক্ষার উদ্দেশ্য হবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা।

১২।	শুধুমাত্র গণিত এসএসসি সিলেবাস অনুযায়ী হবে এবং অন্যান্য সকল বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন হবে নিম্নরুপ:

সকল বিভাগের জন্যঃ

| **বিষয়** | **নম্বর** |
|---|---|
| ইংরেজি | ৪০ |
| Analytical Ability and Critical Reasoning | ২০ |
| গণিত (এসএসসি সিলেবাস) | ২৫ |
| সাধারণ জ্ঞান | ১৫ |
| **মোট নম্বর** | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্য:**

১।	ভর্তির জন্য চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ফরমের সাথে প্রয়োজনীয় সনদপত্র যথা-মার্কসীট/সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ছাড়াও নিম্নে উল্লিখিত কাগজসমূহ জমা দিতে হবে:

ক।	প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
খ।	উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
গ।	মাধ্যমিক শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
ঘ।	৫ কপি পাসপোর্ট সাইজ ছবি।

২।	যেহেতু গণিত পরীক্ষা এসএসসি সিলেবাস অনুসারে হবে, সেক্ষেত্রে Programmable বা Non-Programmable ক্যালকুলেটর ব্যবহারের প্রয়োজন হবে না। পাশাপাশি মোবাইল ফোন, ইয়ারফোন, ডিজিটাল ঘড়ি বা তদ্রুপ কোন ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।